

26 APR 2003

**ফলোআপ**

## জালিয়াতির অভিযোগে রা.শি. বোর্ডের অডিটর হেফতার

নিজস্ব বাতা পরিবেশক, রাজশাহী : জালিয়াতি ও সত্ৰাসের অভিযোগে দায়েরকৃত মামলায় শাহ মবদুয়/ থানা পুলিশ বৃহস্পতিবার রাত আনুমানিক ১টায়ে রাজশাহী শিক্ষা বোর্ডের ছুনিয়র অডিটর মিন্নাত আদীসহ দু'জনকে গ্রেপ্তার করেছে। অন্যজন হলো আবদুল আজিজ ওরফে আজিজ পটকা। একই মামলায় এজাহার নামীয় আসামি ইয়াকুব বিহারী ও আবদুল কুদ্দুস মামলার

বাদি ও বাদির আত্মীয়-বন্ধনকে মামলা তুলে নিতে তথ্য-জীতি ও হুমকি প্রদর্শন করছে বলে অভিযোগ পাওয়া গেছে।

জানা গেছে, নগরীর ১৭ নম্বর ওয়ার্ডের অধিবাসী আনিসুর রহমান বামি হয়ে জালিয়াতির মাধ্যমে জমি দখল করে নেয়া ও সত্ৰাসী কার্যকলাপের অভিযোগ এনে গত ৩১শে মার্চ রাজশাহীর টিক মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেটের আদালতে একটি পিছিত এজাহার দায়ের করেন। আদালতের নির্দেশে শাহ মবদুয় থানা অভিযোগটি মামলা হিসেবে রেকর্ড করে গত ১১ ই এপ্রিল (মামলা নম্বর- ৫, ধারা ৪৬৮/৪৬৯/৪৭১/৩২৩/৫০৬ দায়বিঃ)।

উল্লেখ্য, 'সবোদ' এ গত ১৮ ই এপ্রিল 'রাজশাহীতে সরকারি-বেসরকারি জমি নিয়ে জালিয়াত চক্র তৎপর' শীর্ষক শিরোনামে একটি বিশেষ্ট প্রকাশিত হয়।